

হৃদয়ে ঝড়

এফ. আহমেদ

একটি ঝড় এসেছিল,
প্রচণ্ড আলোড়ন সৃষ্টি করে,
তুলকালাম কাণ্ড ঘটিয়ে -
চলে গেছে।

পড়ে আছে শুধু,
বিদ্বস্ত হৃদয়।

যে হৃদয়ে আছে,
শুধু স্বপ্নের ধ্বংসস্তম্ভ।
উপরে গেছে,
সব সুখ-দুঃখের অনুভূতিগুলো।
পড়ে আছে শুধু,
রবটের মত হৃদয়!

বেঁচে আছি,
মরার সাহস নেই বলে!
খাবার খাচ্ছি,
বাঁচতে হবে বলে।

কে যেনো বলেছিল,
“বড় কিছু পেতে হলে
বড় কিছু হারাতে হয়।”

আমি এখন,
সব হারিয়ে
আলৌহীন নক্ষত্রের মত।